তথ্য অধিকার সংক্রান্ত

# বার্ষিক প্রতিবেদন ২০২২

জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।

(আইসিটি শাখা)

# সূচীপত্র


| ক্র.নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ০১ | ভূমিকা | ২ |
| ০২ | বার্ষিক প্রতিবেদন এর সারসংক্ষেপ | ৩ |
| ০৩ | অত্র কার্যালয় ও আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের তথ্য প্রাপ্তির আবেদনের বিষয়ে গৃহীত ব্যবস্থার তথ্যাদি | ৪ |
| ০৪ | অত্র কার্যালয় ও আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের অনলাইন প্রশিক্ষণ সম্পন্নকারী কর্মকর্তা (ডিও)দের তথ্য | ৫ |
| ০৫ | ২০২২-২০২৩ অর্থবছরে তথ্য অধিকার বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | ৬ |
| ০৬ | তথ্য অধিকার দিবস-২০২২ এর প্রতিপাদ্য | ৭ |
| ০৭ | আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২২ উপলক্ষ্যে সভা সেমিনার আয়োজন | ৮ |
| ০৮ | তথ্য অধিকার আইনের জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রচারণা | ১০ |

# ভূমিকা

তথ্যের অবাধ প্রবাহ ও জনগণের তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিতকরণের লক্ষ্যে তথ্য অধিকার আইন, ২০০৯ প্রণীত ও কার্যকর করা হয়। জনগণের ক্ষমতায়ন নিশ্চিতকল্পে অনন্য, সার্বজনীন ও অন্তর্ভুক্তিমূলক শক্তিশালী নাগরিক বান্ধব এ আইনটি সর্বস্তরের নাগরিককে রাষ্ট্রের সর্ব বিষয়ে তথ্য পাওয়ার আইনী ভিত্তি ও কাঠামো রচনা করে দিয়েছে। গণতান্ত্রিক সমাজ ও জণগণের প্রতি সংবেদনশীল প্রতিষ্ঠান বিনির্মাণে আইনটি সহায়ক ভূমিকা পালন করে যাচ্ছে। স্বচ্ছতা, জবাবদিহিতা, সততা ও সুশাসন প্রতিষ্ঠার অন্যতম হাতিয়ার এ আইনটি প্রকৃতই বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধ ও সংবিধানের মূল চেতনার প্রতিফলন। আইনের শাসন, সামাজিক ও অর্থনৈতিক ন্যায়বিচার, মৌলিক মানবাধিকার নিশ্চিত করতে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করবে এই আইন। দুর্নীতি ও মানবাধিকার লংঘন রোধে আইনটির প্রয়োগ ও চর্চা সকল কর্তৃপক্ষের জন্য বাধ্যতামূলক । উন্নত সমাজ ও সুশাসন প্রতিষ্ঠার জন্য সরকারি-বেসরকারি যে ব্যাপক কর্মযজ্ঞ চলছে তার পরিপূরক শক্তি হিসেবে তথ্য অধিকার আইন কার্যকর রয়েছে। তাই জাতীয় স্বার্থেই এ আইনের ব্যাপক চর্চা ও প্রয়োগ জরুরি হয়ে পড়েছে। তথ্য অধিকার আইন সর্বক্ষেত্রে ও সর্বোতভাবে বাস্তবায়নে জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা দৃঢ় প্রতিজ্ঞ।



জেলা প্রশাসকের কার্যালয় কার্যালয়, ভোলা এ তথ্য অধিকার আইন, ২০০৯ এর নির্দেশাবলী প্রচারের

ডিজিটাল স্ক্রিন

## বার্ষিক প্রতিবেদনের নির্বাহী সার-সংক্ষেপ :

"তথ্য অধিকার হলো একটি অন্যতম মৌলিক মানবাধিকার যা জাতিসংঘ কর্তৃক গৃহীত অপরাপর অধিকার অর্জনের পরশপাথর স্বরুপ"

জাতিসংঘের সাধারণ পরিষদের রেজুলেশন ৫৯(১)

জাতিসংঘের সার্বজনীন মানবাধিকার ঘোষণাপত্রের ১৯ অনুচ্ছেদ-

"প্রত্যেকেরই মতামত পোষণ ও মতামত প্রকাশের অধিকার রয়েছে; বিনা হস্তক্ষেপে মতামত পোষণ এবং রাষ্ট্রীয় সীমানা নির্বিশেষে যে কোনো মাধ্যমে তথ্য ও মতামত অন্বেষন, গ্রহণ ও জ্ঞাত করার স্বাধীনতা এ অধিকারের অন্তর্ভূক্ত"।

তথ্য প্রকাশের ক্ষেত্রে অন্যের অধিকার এবং সুনামের প্রতি সম্মান প্রদর্শণ, জাতীয় নিরাপত্তা বা জনশৃঙ্খলা অথবা জনস্বাস্থ্য বা নৈতিকতা সুরক্ষার বাধানিষেধ যুক্তকরে জাতিসংঘের নাগরিক ও রাজনৈতিক অধিকারের আন্তর্জাতিক চুক্তিতে (১৯৬৬) তথ্য অন্বেষণ, গ্রহণ ও জ্ঞাত করার অধিকারের কথা বলা হয়েছে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৩৯ অনুচ্ছেদ অনুসারে চিন্তা, বিবেক ও বাক্-স্বাধীনতা নাগরিকের অন্যতম মৌলিক অধিকার। তথ্য প্রাপ্তির অধিকার চিন্তা, বিবেক ও বাক্-স্বাধীনতার অবিচ্ছেদ্য অংশ হিসেবে গণ্য। তথ্য অধিকারকে জনগণের ক্ষমতায়নের একটি অন্যতম মাধ্যম হিসেবে বিবেচনা করা হয় এবং জনগণের ক্ষমতায়নের মাধ্যমে সরকারি, স্বায়ত্তশাসিত ও সংবিধিবদ্ধ সংস্থা এবং সরকারি বা বিদেশি অর্থায়নে সৃষ্ট ও পরিচালিত বেসরকারি সংস্থাসমূহের স্বচ্ছতা, জবাবদিহিতা বৃদ্ধি করা সম্ভব বলে বিবেচনা করা হয়। আর তথ্য অধিকার আইনের সর্বক্ষেত্রে ও সর্বোতভাবে বাস্তবায়নের মাধ্যমে এর সবগুলো নিশ্চিত করা গেলে দেশ হতে দুর্নীতি হ্রাস পাবে ও সুশাসন প্রতিষ্ঠিত হবে।

তথ্য অধিকার আইন অনুসারে প্রতি বছর প্রত্যেক কর্তৃপক্ষকে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করার বিধান রয়েছে। সে মোতাবেক জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নের পরিস্থিতি, এ আইন অনুসারে প্রাপ্ত আবেদন ও তথ্য প্রদানের সংখ্যা, এতদসংক্রান্ত আপীল ও নিষ্পত্তির সংখ্যা, তথ্য অধিকার আইন বাস্তবায়ন সংক্রান্ত বিভিন্ন সভা, সেমিনার ও আলোচনা এ বার্ষিক প্রতিবেদনে তুলে ধরা হয়েছে। জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা এর (www.bhola.gov.bd) ওয়েবসাইটে অনেক গুরুত্বপূর্ণ তথ্যাবলী স্ব-উদ্যোগে

প্রকাশ করা হয়েছে যা এ বার্ষিক প্রতিবেদনে তুলে ধরা হয়েছে। আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২২ উদযাপন সংক্রান্ত বিভিন্ন কর্মসূচির স্বচিত্র তথ্য তুলে ধরা হয়েছে।




আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২২ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানের স্থির চিত্র











**জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা ও এর আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের তথ্য অধিকার আইনে প্রাপ্ত আবেদনের বিষয়ে গৃহীত ব্যবস্থা : (জুলাই-২০২১ থেকে জুন- ২০২২) পর্যন্ত**


| ক্র.নং | কর্তৃপক্ষের নাম | তথ্য সরবরাহের জন্য প্রাপ্ত আবেদনের সংখ্যা | তথ্য সরবরাহের মাধ্যমে নিষ্পত্তিকৃত আবেদনের সংখ্যা | অনুরোধকৃত তথ্য না দেয়ার সিদ্ধান্তের সংখ্যা | প্রক্রিয়াধীন | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সিদ্ধান্তের বিরুদ্ধে আপীলের সংখ্যা | আপীল নিষ্পত্তির সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা | ০৫ | ০৫ | - | - | - | |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসারে কার্যালয়, ভোলা সদর | - | - | - | - | - | - |
| ০৩ | উপজেলা নির্বাহী অফিসারে কার্যালয়, বোরহান উদ্দিন | ০২ | ০২ | - | - | - | - |
| ০৪ | উপজেলা নির্বাহী অফিসারে কার্যালয়, দৌলতখান | ০১ | ০১ | - | - | - | - |
| ০৫ | উপজেলা নির্বাহী অফিসারে কার্যালয়, লালমোহন | ০৩ | ০৩ | | | | |
| ০৬ | উপজেলা নির্বাহী অফিসারে কার্যালয়, তজুমদ্দিন | - | - | - | - | - | - |
| ০৭ | উপজেলা নির্বাহী অফিসারে কার্যালয়, চরফ্যাশন | ০৪ | ০৪ | - | - | - | - |
| ০৮ | উপজেলা নির্বাহী অফিসারে কার্যালয়, মনপুরা | - | - | - | - | - | - |


তথ্য প্রাপ্তির আবেদন
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভোলা সদর
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দৌলতখান
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বোরহান উদ্দিন
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তজুমদ্দিন
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালমোহন
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চরফ্যাশন
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মনপুরা


আবেদন নিষ্পত্তি
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভোলা সদর
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দৌলতখান
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বোরহান উদ্দিন
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালমোহন
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তজুমদ্দিন
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চরফ্যাশন
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মনপুরা

**জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা ও এর আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের অনলাইন প্রশিক্ষণ** ***সম্পন্নকারী কর্মকর্তা (ডিও)দের তথ্য :***

| জেলা | | উপজেলা | | |
|---|---|---|---|---|
| আওতাধীন দপ্তর/কার্যালয় সমূহে নিয়োজিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা | আরটিআই অনলাইন কোর্স সম্পন্নকারি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা | উপজেলার নাম | আওতাধীন দপ্তর/কার্যালয় সমূহে নিয়োজিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা | আরটিআই অনলাইন কোর্স সম্পন্নকারি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা |
| ৬২ | ৫৬ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভোলা সদর | ৩০ | ৩০ |
| | | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বোরহান উদ্দিন | ৩০ | ৩০ |
| | | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দৌলতখান | ৩০ | ১০ |
| | | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লালমোহন | ৩০ | ৩০ |
| | | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তজুমদ্দিন | ৩০ | ০৩ |
| | | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চরফ্যাশন | ৩০ | ০১ |
| | | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মনপুরা | ২৪ | ০৫ |



**২০২২-২০২৩** ***অর্থবছরের তথ্য অধিকার বিষয়ক*** **প্রশিক্ষণ** ***কোর্স আয়োজন :***

২০২২-২০২৩ অর্থ বছরের এপিএ'র আওতাধীন "তথ্য অধিকার" বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ কোর্স জেলা পর্যায়ের বিভিন্ন কার্যালয়ে কর্মরত কর্মকর্তাগণের সমন্বয়ে গত ৩১ আগস্ট ২০২২ তারিখে জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।




তথ্য অধিকার বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম এ কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়

আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২২ এর এবারের প্রতিপাদ্য:

# “তথ্য প্রযুক্তির যুগে জনগণের তথ্য অধিকার নিশ্চিত হোক”



## আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২২ উপলক্ষ্যে র্যা লী :




জেলা প্রশাসন, ভোলা ও উপজেলা প্রশাসন, এর যৌথ উদ্যোগে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভার আয়োজন





জেলা প্রশাসন, ভোলা এর উদ্যোগে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভার আয়োজন

উপজেলা প্রশাসন, বোরহান উদ্দিন এর উদ্যোগে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে র্যা লি আলোচনা সভার আয়োজন



জেলা প্রশাসন, ভোলা
এর উদ্যোগে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে বর্ণাঢ্য র্যা লি আয়োজন




জেলা প্রশাসন, ভোলা তথ্য অধিকার দিবস-২০২২ উদযাপনের ভিডিও চিত্র;

WhatsApp Video 2022-10-11 at 2.11.01 PM.mp4

উপজেলা প্রশাসন, তজুমদ্দিন এর উদ্যোগে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে আলোচনা সভার আয়োজন;



## তথ্য অধিকার আইনের প্রচারণা ও জনসচেতনামূলক গৃহীত ব্যবস্থা ;

তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা কর্তৃক তথ্য অধিকার আইন এর লক্ষ্য ও তথ্য প্রাপ্তির নিয়মাবলী সংক্রান্ত লিফলেট বিতরণ করা হয়েছে।

# তথ্য অধিকার আইন-২০০৯

| | | |
|---|---|---|
| বাংলাদেশ সংবিধান অনুযায়ী নাগরিকদের তথ্য প্রাপ্তি, চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতার অধিকার নিশ্চিত | জনগণ প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক, সে লক্ষ্যে নাগরিকদের ক্ষমতায়ন | দুর্নীতি হ্রাস এবং স্বচ্ছতা ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সরকারী, স্বায়ত্তশাসিত এবং বিদেশী অর্থে পরিচালিত বেসরকারী সংস্থার জবাবদিহি নিশ্চিত |

তথ্য পাবার নিয়ম ;

তথ্য অধিকার আইনে যে কোনো নাগরিক তথ্য প্রাপ্তির জন্য আবেদন করতে পারে। আবেদনকারীর কাছে ৩০ কর্মদিবসের মধ্যে তথ্য প্রেরণ করতে হবে।

আবেদনকারী যদি ৩০ কর্মদিবসের মধ্যে তথ্য না পায় তাহলে ৩০ দিনের মধ্যে উর্ধ্বতন কর্মকর্তা বরাবর আপীল আবেদন করতে পারে।

আপীল দায়ের এবং গ্রহণের পরে ৪৫ কর্মদিবসের মধ্যে সকল প্রক্রিয়া শেষ করে আবেদনকারীর কাছে তথ্য প্রদান করতে হবে।

আপীল করে তথ্য না পেলে আবেদনকারী ৩০ দিনের মধ্যে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে পারে।

যদি কোন ক্ষেত্রে কর্তৃপক্ষ প্রাথমিক আবেদন গ্রহণ না করে, সেক্ষেত্রে আবেদনকারী সরাসরি তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে পারে।



তথ্য অধিকার আইন ব্যবহার করে সমাজ-রাষ্ট্র দুর্নীতি হ্রাস এবং স্বচ্ছতা ও জবাবদিহি প্রতিষ্ঠা করা প্রতিটি নাগরিকের দায়িত্ব।

তথ্য কমিশন

প্রচারে:

জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।

Bhola
Queen Island of Bengal